

General Certificate of Education  
June 2008  
Advanced Level Examination



**BENGALI**  
**Unit 2 Culture and Society**

**BEN2**

Monday 9 June 2008 1.30 pm to 4.30 pm

**For this paper you must have:**

- a 12-page answer book.

Time allowed: 3 hours

**Instructions**

- Use black ink or black ball-point pen.
- Write the information required on the front of your answer book.
- Answer **all** questions in Section 1 and **two** questions from Section 2.  
In Section 2 do not answer both questions on the same topic.
- Answer in **Bengali**.
- Do all rough work in the answer book. Cross through any work you do not want to be marked.

**Information**

- The maximum mark for this paper is 100.
- The marks for questions are shown in brackets.
- You are reminded of the need for clear presentation.
- You must **not** use a dictionary at any time during this examination.
- This unit is divided into two sections:

Section 1 20 marks

Section 2 80 marks

**Advice**

- You are strongly advised to write a plan before beginning each answer in Section 2.
- To obtain high marks you must give details and facts and express your own opinions/draw your own conclusions. At all times you should explain and justify your answers.

## ক বিভাগ

নিচের লেখাটি পড়ে ১ নম্বর প্রশ্নের উত্তর দাও। উত্তর দেওয়ার সময় নিচের লেখা থেকে কোনো অংশ ছবছ নকল করবে না। পুরো বাক্যে উত্তর লেখার দরকার নেই, তবে উত্তরের জন্যে দরকারী তথ্য থাকতে হবে।

### গ্রামীণ ব্যাংক ও মুহাম্মদ ইউনুস

ব্যাংকে যে টাকাপয়সা জমা রাখা হয়, ব্যাংক সেই অর্থই আবার ধার দেয় অন্যদের – ব্যবসা করার জন্যে, বাড়ি কেনার জন্যে অথবা অন্য কোনো কাজে। এভাবেই চলে ব্যাংকের কাজ। কিন্তু ব্যাংক সবাইকে ধার দেয় না। যে ব্যক্তি টাকা শোধ দিতে পারবে বলে মনে করা হয়, ব্যাংক কেবল তাকেই ঋণ দেয়। এর ফলে যাঁরা খুব গরিব তাঁদের পক্ষে ধার পাওয়া সম্ভব হয় না। ঋণ নিয়ে নিজেদের অবস্থা উন্নত করাও তাঁদের পক্ষে তাই অসম্ভব।

এই অসুবিধা দূর করার কথা ভেবেছিলেন বাংলাদেশের একজন অর্থনীতিবিদ – অধ্যাপক মোহাম্মদ ইউনুস। ১৯৭৬ সালে তিনি তাঁর গ্রামের একজন খুব দরিদ্র মহিলাকে দেখেন। বাঁশ দিয়ে ইনি নানা রকমের সুন্দর জিনিশ তৈরি করতে পারেন। কিন্তু ভারী গরিব। দু বেলা খাবার জোটে না। ইউনুস শুনলেন যে, এই মহিলার বাঁশ কেনার মতো টাকা নেই। বাঁশ কেনার জন্যে যে টাকা তিনি ধার করেন, তার জন্যে রোজ শতকরা ১০ টাকা তার মানে বছরে শতকরা সাড়ে তিন হাজার টাকা সুদ দিতে হয়। এই চড়া হারে সুদ দিয়ে মহিলার কিছুই অবশিষ্ট থাকে না।

তখন অধ্যাপক ইউনুস এই মহিলা এবং এই গ্রামের আরও ৪১জন লোককে নিজের পকেট থেকে সামান্য কিছু টাকা ধার দিলেন। প্রত্যেকের ভাগে যে টাকা পড়লো তা এক ডলারের চেয়েও কম। তিনি বললেন, এই টাকা শোধ দিলে তিনি আবার ধার দেবেন। কিছু দিনের মধ্যে এঁরা সবাই ধার শোধ করলেন। এভাবেই অধ্যাপক ইউনুস গ্রামীণ ব্যাংকের পরিকল্পনা করেন। গ্রামীণ কথাটার অর্থ গ্রামের। এই ব্যাংক মাত্র চার-পাঁচ ডলারও ধার দেয়। এই টাকা নিয়ে গরিবরা কেউ হাঁস-মুরগি কিনে ব্যবসা করেন। কেউ গরু কিনে দুধ বিক্রি করেন। কেউ বাঁশ, বেত, মাটি ইত্যাদি দিয়ে জিনিশপত্র তৈরি করেন। কেউ রিকশা চালান। এভাবে তাঁরা স্বাবলম্বী হয়ে ওঠেন।

তিরিশ বছর আগে অধ্যাপক ইউনুস মাত্র ৪১জন লোককে নিয়ে তাঁর কাজ আরম্ভ করলেও এখন সারা দেশে তাঁর ব্যাংকের প্রায় দেড় হাজার শাখা আছে। মূলধন এখন তিন শো কোটি ডলার। এই ব্যাংক থেকে এ পর্যন্ত যাঁরা ধার করেছেন, তাঁদের সংখ্যা প্রায় তিরিশ লাখ। এঁদের মধ্যে শতকরা ৯৫জনই মহিলা। গ্রামীণ ব্যাংক এঁদের যে টাকা ধার দেয়, তার শতকরা ৯৮ ভাগই এঁরা ফেরত দিয়েছেন। এটা সাধারণ ব্যাংকের তুলনায় বেশি সাফল্যের ব্যাপার। সুদ নিয়ে এই ব্যাংক তার মূলধন বাড়ায় ঠিকই, কিন্তু তার উদ্দেশ্য হলো যাতে এই টাকা দিয়ে আরও লোকের উপকার করা যায়। এই ব্যাংক কাজ করে কোনো মুনাফা ছাড়াই। এই ক্ষুদ্র ঋণ দান পদ্ধতি এখন পৃথিবীর শতাধিক দেশে অনুসরণ করা হচ্ছে। ডক্টর ইউনুস এ দিয়ে দারিদ্র্য মোচন করতে চান। তাঁর এই আদর্শ অসংখ্য মানুষের উপকার করেছে বলে সম্প্রতি গ্রামীণ ব্যাংক এবং মোহাম্মদ ইউনুসকে শান্তির জন্যে নোবেল পুরস্কার দেওয়া হয়েছে।

১ সংক্ষেপে নিচের প্রশ্নগুলির উত্তর দাও:

- |                                                                                              |   |
|----------------------------------------------------------------------------------------------|---|
| ক. ব্যাংক ঋণ দেওয়ার অর্থ পায় কোথায়?                                                       | ১ |
| খ. একজন অতি দরিদ্র লোকের পক্ষে অবস্থার উন্নতি করা অসম্ভব কেন?                                | ১ |
| গ. ক্ষুদ্র ঋণ দানের ধারণা অধ্যাপক ইউনুসের মনে কেন এসেছিলো?                                   | ১ |
| ঘ. কিভাবে গ্রামীণ ব্যাংকের সূচনা হয়েছিলো? দুটি বিষয় লেখো।                                  | ২ |
| ঙ. গ্রামীণ ব্যাংক কথাটার মানে কি?                                                            | ১ |
| চ. সামান্য অর্থ ধার নিয়ে গরিবরা কিভাবে নিজেদের অবস্থা উন্নত করতে পারেন? দুটি দৃষ্টান্ত দাও। | ২ |
| ছ. গ্রামীণ ব্যাংকের সাফল্যের দুটি বিষয় উল্লেখ করো।                                          | ২ |

২. নিচের লেখাটি বাংলায় অনুবাদ করো:

১০

The Nobel Prize was introduced in 1905. Since then only three Bengalis have received this prestigious award. The first one was a great poet, Rabindranath Tagore, who received it in 1913. The next one was an economist, Amartya Sen. Two years ago, another economist, Muhammad Yunus, was given this prize – however, not for his contribution to economics, but for enhancing peace. Having received a PhD from an American university in 1969, he became a professor at the University of Chittagong. In the mid 1970s, he launched his Grameen Bank. It was based on a system called micro credit. It means lending a tiny amount of money. He started this venture with only \$27. Now this bank has assets worth three billion dollars. It has more than two million borrowers who are mostly very poor women. Dr Yunus wants to alleviate poverty throughout the world by popularising his micro credit system.

নিচের খ এবং গ বিভাগে মোট ছয়টি প্রশ্ন আছে। এই ছয়টি প্রশ্নের মধ্য থেকে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। প্রতিটি উত্তর অন্তত ২৫০টি শব্দে লিখতে হবে। প্রতিটি প্রশ্নের জন্যে ৪০ মার্ক।  
দুটি প্রশ্নের জন্যে মোট মার্ক  $2 \times 80 = 160$

### খ বিভাগ

(সাহিত্যের সঙ্গে যুক্ত নয়, এমন প্রসঙ্গ)

#### বাংলাদেশের উদ্ভব

- ৩ (ক) পূর্ব বাংলার ভাষা আন্দোলন সম্পর্কে একটি প্রবন্ধ লেখো। প্রসঙ্গত পরবর্তী রাজনীতির ওপর এই আন্দোলন কিভাবে প্রভাব বিস্তার করেছিলো, তার বর্ণনা দাও।

#### অথবা

(খ) বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে ভারত যে-ভূমিকা পালন করেছিলো, সে বিষয়ে একটি তথ্যপূর্ণ প্রবন্ধ লেখো। ভারতের এই ভূমিকা ছাড়া বাংলাদেশ তখনই স্বাধীন হতে পারতো কিনা, প্রসঙ্গত এ সম্পর্কে তোমার মতামত দাও।

#### বাংলা সিনেমা ও গান

৪. (ক) বাংলাদেশের সিনেমা-পরিচালকদের মধ্যে যে-কোনো একজনকে নিয়ে একটি প্রবন্ধ লেখো। প্রসঙ্গত তাঁর একটি ছায়াছবি তোমার কেন ভালো লাগে, তার ব্যাখ্যা দাও।

#### অথবা

(খ) বিভিন্ন ধরনের বাংলা গানের পরিচয় দিয়ে একটি তথ্যপূর্ণ প্রবন্ধ লেখো। কোন কোন ধরনের গান তোমার ভালো লাগে এবং কেন ভালো লাগে, তা বুঝিয়ে লেখো।

#### ব্রিটেনে বাঙালি

৫. (ক) ব্রিটেনে বসবাসকারী বাঙালি মহিলারা অন্যান্য সম্প্রদায়ের মহিলাদের তুলনায় চাকরি-বাকরি এবং সামাজিক কার্যকলাপে পিছিয়ে আছেন বলে অনেকেই মনে করেন। এর কারণ কি? প্রসঙ্গত বাঙালি মহিলাদের সামনের দিকে এগিয়ে দেওয়ার উপায় নিয়ে আলোচনা করো।

#### অথবা

(খ) ব্রিটেনে প্রকাশিত বাংলা পত্রপত্রিকার পরিচয় দিয়ে একটি তথ্যপূর্ণ প্রবন্ধ লেখো। এসব পত্রিকার পাঠকসংখ্যা সীমিত হলেও, নতুন নতুন পত্রিকা প্রকাশিত হচ্ছে। এর কারণ কি?

## গ বিভাগ

(সাহিত্যবিষয়ক প্রসঙ্গ)

### বাংলাদেশ এবং পশ্চিম বাংলার উপন্যাস

৬. (ক) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের যে-কোনো একটি উপন্যাস নিয়ে আলোচনা করো। এই উপন্যাসটি তোমার কেমন লেগেছে যুক্তি দিয়ে তার ব্যাখ্যা দাও।

#### অথবা

- (খ) বাংলাদেশের উপন্যাসগুলির পটভূমি প্রধানত গ্রাম বাংলা। এর কারণ কি? যুক্তি দিয়ে বুঝিয়ে লেখো।

### বাংলা কবিতা ও নাটক

৭. (ক) তোমার পড়া একটি কবিতার বই নিয়ে আলোচনা করো। বিশেষ করে দুটি কবিতার উল্লেখ করে তার বিষয়বস্তু ও সৌন্দর্য বিশ্লেষণ করো।

#### অথবা

- (খ) তোমার প্রিয় নাট্যকার কে? অন্তত দুটি নাটকের তুলনা করে তাঁর নাটকের গুণাগুণ নিয়ে আলোচনা করো।

### বাংলা প্রবন্ধ সাহিত্য

৮. (ক) তোমার পড়া একটি প্রবন্ধের বইয়ের ছোটো একটি সমালোচনা লেখো। প্রসঙ্গত এ বইয়ের অন্তত একটি প্রবন্ধের বিষয়বস্তুর পরিচয় দাও।

#### অথবা

- (খ) সাম্প্রতিক বাংলা প্রবন্ধ সাহিত্য সম্পর্কে সাধারণ পরিচয় দিয়ে একটি প্রবন্ধ লেখো।

**END OF QUESTIONS**